অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/6/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ব্লু হোয়াইট রোবটিক্স এর সেন্ট্রাল নিউ ইয়র্কে অপারেশন সেন্টার স্থাপনের ঘোষণা দিয়েছেন

ইজরায়েলি ফার্ম সিরাকিউস শহরের কেন্দ্রস্থলে সেন্টারস্টেট সিইও'র টেক গার্ডেনে স্বায়ত্তশাসিত এয়ার অ্যান্ড গ্রাউন্ড ভেহিকল কমান্ড সেন্টার খুলবে

"সেন্ট্রাল নিউ ইয়র্ক রাইজিং" - যা হলো সম্প্রদায়গুলোকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিকে বাড়িয়ে তুলতে অঞ্চলটির সমন্বিত কৌশল, তার সম্পূরক হলো এই বিনিয়োগ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে স্বায়ত্তশাসিত গাড়ি কোম্পানি ব্লু হোয়াইট রোবটিক্স শহরের কেন্দ্রস্থলে অবস্থিত টেক গার্ডেনে একটি কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টার স্থাপন করছে। নিউ ইয়র্ক স্টেট এবং ব্যক্তিগত বিনিয়োগের মাধ্যমে, কোম্পানি তার "একটি সেবা হিসাবে রোবট" প্ল্যাটফর্ম উন্নয়ন করছে এবং হ্যারিসন স্ট্রিট অবস্থানে একটি অপারেশন, বিপণন এবং বিক্রয় দল স্থাপন করার পরিকল্পনা করছে, যা আগামী পাঁচ বছরে 30 টি পর্যন্ত কর্মসংস্থান সৃষ্টি করবে। গত বসন্তে স্টেটের কৃষি, পরিবহন এবং ফার্স্ট রেস্পন্ডার মার্কেটে সেবা প্রদানের জন্য স্থানীয় কোম্পানিগুলির সাথে অংশিদারিত্ব শুরুর মাধ্যমে কোম্পানিটি নিউ ইয়র্ক রাজ্যে তাদের উপস্থিতি বাড়াতে তাদের আগ্রহের কথা ঘোষণা করে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এক্সেলসিয়র জব ক্রিয়েশন প্রোগ্রামের মাধ্যমে 300,000 মার্কিন ডলার পর্যন্ত ব্লু হোয়াইট রোবটিক্সকে সাহায্য করছে এবং সেন্টারস্টেট সিইও ইউএএস জবস ফান্ড সহায়তায় 1 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে।

"আপস্টেটের মানববিহীন এরিয়াল সিস্টেম শিল্পে নিউ ইয়র্কের কেন্দ্রীভূত বিনিয়োগ সত্যিই ফলদান করছে," **গভর্নর কুওমো বলেছেন।** "ব্লু হোয়াইট রোবটিক্স সেন্ট্রাল নিউ ইয়র্কে তাদের মার্কিন সদর দপ্তর খুঁজে বের করার সিদ্ধান্ত প্রমাণ করে যে নিউ ইয়র্ককে মানচিত্রে তুলে ধরার এই প্রচেষ্টা ইতিবাচক, যার ফলে উচ্চ মানের কর্মসংস্থান এবং সুযোগ সৃষ্টি হবে যা এই অঞ্চলের আরো প্রবৃদ্ধিকে ইন্ধন জোগাবে।"

"উচ্চ প্রযুক্তির শিল্পের উন্নয়ন এবং এলাকায় ব্যবসা আকর্ষণ করতে আমরা সেন্ট্রাল নিউ ইয়র্কে বিনিয়োগ চালিয়ে যাচ্ছি," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "সিরাকিউসের কেন্দ্রস্থলে ব্লু হোয়াইট রোবটিক্সের নতুন অপারেশন সেন্টার প্রযুক্তি উদ্ভাবনকে আরও এগিয়ে নিয়ে যাবে এবং এই অঞ্চলে নতুন কর্মসংস্থান ও সুযোগ সৃষ্টি করবে। এই অংশীদারিত্ব স্থানীয় কোম্পানিগুলোর মধ্যে

সহযোগিতা বৃদ্ধি করবে এবং স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করবে যখন আমরা CNY রাইজিং এর অংশ হিসেবে আরো ভালোভাবে গড়ে তুলছি এবং নিউ ইয়র্ক স্টেটের ভবিষ্যৎ পুনর্কল্পনা করছি।"

প্রকল্পের মোট খরচ 4 মিলিয়ন মার্কিন ডলারের কিছু বেশি রাখা হয়েছে। ব্লু হোয়াইট রোবটিক্স সম্প্রতি 10 মিলিয়ন মার্কিন ডলারের সিরিজ এ বিনিয়োগ অর্জন করেছে যা তার মার্কিন অপারেশন বৃদ্ধিকে আরও সমর্থন করতে ব্যবহার করা হবে।

তেল আবিব ইজরায়েলের সদর দপ্তর সহ, ব্লু হোয়াইট রোবটিক্স কৃষি, গণ পরিবহন, জ্বালানী এবং খনি, এবং ফার্স্ট রেস্পন্ডারদের জন্য স্বায়ত্তশাসিত সমাধানে বিশেষজ্ঞ। উদ্ভাবনী কোম্পানির গ্রাহকদের মধ্যে রয়েছে নেতৃস্থানীয় বেসরকারি কোম্পানি, সরকারি সংস্থা, এবং সারা বিশ্বব্যাপী গবেষণা প্রতিষ্ঠান। কোম্পানিটি ব্রুকলিনের ইজি এরিয়ালকে সাহায্য করছে, একটি কোম্পানি যারা স্বায়ত্তশাসিত ড্রোন এবং গ্রাউন্ড কন্ট্রোল সিস্টেম ডিজাইন এবং তৈরি করে এবং সিরাকিউসের ড্রপকপ্টারকে সাহায্য করছে যারা কর্নেল বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথভাবে বৈশ্বিক মৌমাছি সংকটের সমাধানের অংশ হিসেবে এরিয়াল পরাগায়ন ক্ষমতা উন্নয়ন করে।

ব্লু হোয়াইট রোবটিক্সের প্রধান নির্বাহী কর্মকর্তা বেন আলফি বলেন, "স্বায়ত্তশাসিত ব্যবস্থার প্রতি তার সমর্থন এবং দূরদৃষ্টির জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই; এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সবাইকে আমাদের উষ্ণ অভ্যর্থনার জন্য ধন্যবাদ জানানোর জন্য ধন্যবাদ জানাই। একসাথে, আমরা আমাদের ভ্রাতৃত্ববোধ, দেশের প্রতি ভালবাসা এবং উদ্ভাবনের মূল্যবোধ ভাগ করে নেব!"

ব্লু হোয়াইট রোবটিক্স কর্মকর্তারা জুলাই 2019 এ ইজরায়েলে গভর্নরের ইউএএস শিল্প প্রতিনিধি দলে যোগ দেন। উভয় কাউন্টি থেকে শীর্ষ কোম্পানি, একাডেমিক প্রতিষ্ঠান এবং প্রযুক্তি স্টার্টআপ এর অংশগ্রহণে, শীর্ষ সম্মেলনে ড্রোন, স্বাস্থ্য এবং অবকাঠামো প্রযুক্তির জন্য নিউ ইয়র্ক এবং ইজরায়েলের মধ্যে বাণিজ্য এবং সহযোগিতা উন্নত করার উপর মনোযোগ প্রদান করা হয়।

নিউ ইয়র্ক স্টেট স্বায়ত্তশাসিত সিস্টেম শিল্পের উন্নয়ন ও বাস্তবায়নে বিশ্বব্যাপী নেতা হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করার উপর একনিষ্ঠ মনোযোগ প্রদান করছে। 2016 সালে গভর্নর কুওমো CNY রাইজিং আপস্টেট রিভাইভালাইজেশন ইনিশিয়েটিভ (CNY Rising Upstate Revitalization Initiative, URI) অনুদান আকারে সিরাকিউস ও রোমের মধ্যে 50 মাইল ড্রোন পরীক্ষামূলক করিডোর নির্মাণের জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের ঘোষণা দেন। আজ, সিরাকিউস এবং রোমের মধ্যে বিশ্বের প্রথম 50 মাইল মানববিহীন ট্রাফিক ব্যবস্থাপনা করিডোর ইউএএস প্ল্যাটফর্ম এবং উদ্ভাবন পরীক্ষার জন্য একটি বৈশ্বিক নেতা। মার্কিন অপারেশন আরো বাড়ানোর প্রচেষ্টায়, ব্লু হোয়াইট রোবটিক্স নর্থইস্ট ইউএএস এয়ারস্পেস ইন্টিগ্রেশন রিসার্চ (Northeast UAS Airspace Integration Research, NUAIR) দ্বারা পরিচালিত পরীক্ষাসাইটে তাদের উন্নত কমান্ড এবং কন্ট্রোল সিস্টেমের জন্য পরীক্ষা এবং লাইসেন্স প্রক্রিয়া পরিচালনা করবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার, প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক গার্টলার বলেন, "ব্লু হোয়াইট রোবটিক্সের মত উচ্চ মানের প্রযুক্তি প্রতিষ্ঠানগুলোকে সমর্থন করে আমরা সারা বিশ্ব থেকে সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলে উদ্যোক্তা শক্তি আকর্ষণ করছি, যা ইউএএস উদ্ভাবনের একটি কেন্দ্র। এই ক্রমবর্ধমান শিল্পের প্রবৃদ্ধিকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আপস্টেট নিউ ইয়র্কের প্রতিভা এবং অত্যাধুনিক অবকাঠামো রয়েছে।"

স্টেট সিনেটর রাচেল মে বলেন, "টেক গার্ডেনে নতুন সুযোগের প্রসার দেখা সবসময়ই উত্তেজনাকর। সিরাকিউস উদ্ভাবনী প্রযুক্তির অগ্রগতির জন্য সম্পূর্ণভাবে উপযুক্ত এবং এটা দেখা অসাধারণ যে আমাদের অঞ্চলে রাষ্ট্রের বিনিয়োগ এখানে নতুন ব্যবসা এবং শিল্প নিয়ে আসছে।"

স্টেট অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগ্নারেলি বলেন, "সিরাকিউসের টেকনোলজি গার্ডেনে ব্লু হোয়াইট রোবটিক্সের সংযোজন একটি মহান উদাহরণ কিভাবে টেকনোলজি গার্ডেন ক্রমাগত বৃদ্ধি এবং অগ্রসর হতে চাইছে। যেসব কোম্পানি শিল্প উদ্ভাবক এবং নেতা হতে চায় তাদের জন্য সিরাকিউসে সম্পদ, সংযোগ এবং সুযোগ আছে।"

ওনোন্ডাগা কাউন্টি এক্সিকিউটিভ রায়ান ম্যাকমাহন বলেন, "ব্লু হোয়াইট রোবটিক্সের মত মানববিহীন এরিয়াল সিস্টেম শিল্পের নেতাদের উপর আমাদের অব্যাহত বিনিয়োগ সেন্ট্রাল নিউ ইয়র্ককে এই কাটিং-এজ প্রযুক্তিতে বিশ্বব্যাপী নেতা হিসেবে রূপান্তরিত করার জন্য কাজ করছে। আমরা এই সব কর্মসংস্থান সৃষ্টিকারী কোম্পানিগুলোকে সমর্থন করব যেহেতু তারা আগামী অনেক বছর ধরে ওনন্ডাগা কাউন্টির অর্থনীতিকে শক্তিশালী করার জন্য আমাদের কেন্দ্রীভূত প্রচেষ্টায় অবদান রাখছে।"

সেরাকিউসের মেয়র বেন ওয়ালশ বলেন, "আমি রোমাঞ্চিত যে ব্লু হোয়াইট রোবটিক্সের যাত্রা তাদের সিরাকিউস শহরে নিয়ে গেছে। এটা আরো প্রমাণ যে সিরাকিউস এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক প্রযুক্তি কোম্পানির জন্য গন্তব্য যারা যেকোন জায়গায় তাদের ব্যবসা কেন্দ্র স্থাপন করতে পারে। এটা সিরাকিউস সার্জের জন্য আরেকটি বৃদ্ধি, যা নতুন অর্থনীতিতে সার্বিক প্রবৃদ্ধির জন্য আমাদের কৌশল। আমি গভর্নর কুওমো, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং সেন্টারস্টেটকে ধন্যবাদ জানাই আমাদের অঞ্চলে ভালো কাজের জন্য তাদের ধারাবাহিক সমর্থনের জন্য।"

সেন্টারস্টেট সিইও এর প্রেসিডেন্ট রব সিম্পসন বলেন, "আমরা টেক গার্ডেনে ব্লু হোয়াইট রোবটিক্সকে স্বাগত জানাতে এবং তাদের সেন্ট্রাল নিউ ইয়র্কে বৃদ্ধি করতে এবং কর্মসংস্থান সৃষ্টিতে সাহায্য করতে উদগ্রীব। বিগত দশকে এই অঞ্চল মানববিহীন সিস্টেম খাতে তার বৈশ্বিক নেতৃত্বের অবস্থান অগ্রসর করেছে। এই নেতৃস্থানীয় কোম্পানিকে আকর্ষণ করা এই ক্রমবর্ধমান খাতে উন্নত গবেষণা এবং ব্যবসায়িক উন্নয়নের একটি কেন্দ্র হয়ে ওঠার জন্য সেন্ট্রাল নিউ ইয়র্ককে সমর্থন করার জন্য আমরা যে অগ্রগতি এবং রাষ্ট্রের বিনিয়োগের বৈধতা পেয়েছি তার প্রতিফলন।"

CNY রাইজিং ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "সেন্ট্রাল নিউ ইয়র্ক রাইজিং" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। 2012 সাল থেকে এই অঙ্গরাজ্য ইতোমধ্যেই 6.3 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে যা বিশ্ব বাজারের সুযোগ কাজে লাগিয়ে উদ্যোক্তাদের শক্তিশালী করে এবং অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি তৈরি করে এই পরিকল্পনার মূল ভিত্তি স্থাপন করেছে। বর্তমানে, এ অঞ্চল 2015 সালের ডিসেম্বরে গভর্নর কুওমো ঘোষিত উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগ সহযোগিতায় সেন্ট্রাল নিউ ইয়র্ক রাইজিং ত্বরান্বিত করছে। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন